

# উত্তরা ব্যাংক লিমিটেড

আঞ্চলিক কার্যালয়

ঢাকা দক্ষিণ অঞ্চল।

অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ ইং এর ১২ নং ধারার বিধান মতে

## নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মোঃ আব্দুর রহিম, পিতা- মৃত রুস্তম সরদার, ঠিকানা: নামা শ্যামপুর, শাহি মসজিদ রোড, থানা- কদমতলী, জেলা- ঢাকা। তাহার নিজ নামে অত্র ব্যাংকের পোস্তগোলা শাখা, ঢাকা থেকে টাকা= ৭,৫০,০০০/- (সাত লক্ষ পঞ্চাশ হাজার) টাকা গৃহ সংস্কার ঋণ গ্রহণ করিয়াছিলেন। ঋণের জামানত হিসাবে তাহার নিজ নামীয় নিম্ন লিখিত তফসীল ভুক্ত সম্পত্তি বন্ধক রাখেন। বারবার তাগাদা দিয়েও ব্যাংক ঋণ গ্রহীতা/বন্ধকদাতার নিকট হতে ব্যাংকের পাওনা টাকা আদায় করতে পারে নাই। বিগত ০৫/০৫/২০১৮ইং পর্যন্ত হিসাব মতে তার নিকট ব্যাংকের পাওনা টাকা= ৯,০১,০৮০.৯২ (নয় লক্ষ এক হাজার আশি টাকা বিরানব্বই পয়সা মাত্র) পাওনা হয়েছে। ঋণ নেয়ার সময় ঋণ গ্রহীতা/বন্ধকদাতা বন্ধকীকৃত সম্পত্তি বিক্রী করার ক্ষমতা ব্যাংকে প্রদান করেন। তার প্রদত্ত ক্ষমতা বলে এবং উল্লিখিত আইনের বিধান মতে নিম্ন তফসিল বর্ণিত স্থাবর সম্পত্তি বিক্রী করার জন্য সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা হচ্ছে। আগ্রহী ক্রেতাগণ কর্তৃক আগামী ১১/০৬/২০১৮ইং তারিখ বেলা ১(এক) ঘটিকার মধ্যে ব্যাংকের পোস্তগোলা শাখায় রক্ষিত বাক্সে দরপত্র জমা করতে অথবা খামের উপর “সম্পত্তি ক্রয় দরপত্র” লিখে রেজিস্ট্রি ডাকযোগে উক্ত ঠিকানায় প্রেরণ করতে হবে এবং ঐ দিন বেলা ৩(তিন) ঘটিকার সময় দরপত্র দাতা কিংবা তাাদের প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হবে। দরপত্র অবশ্যই শর্তমুক্ত হতে হবে। বন্ধকীকৃত সম্পত্তি ক্রয়ের জন্য উত্তরা ব্যাংকের অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার আকারে নিম্নরূপ জামানত দরপত্রের সাথে দাখিল এবং বর্ণিত পরিশোধ সূচী অনুযায়ী বাকী টাকা পরিশোধ করতে হবেঃ

দরপত্রের উদ্ধৃত মূল্য	জামানত	বাকী টাকা পরিশোধের সময়
অনূর্ধ্ব টাকা ১০,০০,০০০/-	২০%	দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৩০ (ত্রিশ) দিন
টাকা ১০,০০,০০১/- হইতে অনূর্ধ্ব টাকা ৫০,০০,০০০/-	১৫%	দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৬০ (ষাট) দিন
টাকা ৫০,০০,০০১/- এর অধিক	১০%	দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৯০ (নব্বই) দিন

দরপত্র গৃহীত হওয়ার পর উপরোল্লিখিত সময়ের মধ্যে বাকী টাকা পরিশোধে ব্যর্থ হলে জামানতের টাকা ব্যাংকের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। প্রকাশ থাকে যে, দরপত্রে উল্লেখিত মূল্য অপরিপূর্ণ বা কম প্রতীয়মান হলে অথবা কোন কারণ দর্শানো ব্যতিরেকেই ব্যাংক কর্তৃপক্ষ যে কোন/সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

তফসিল ভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধাসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান যথা- সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান ইত্যাদির যে কোন পাওনা বা দাবী থাকলে তাহা পরিশোধের কোন দায়-দায়িত্ব অত্র ব্যাংকের উপর বর্তাবে না। ইহা ছাড়া দরপত্র দাতাকে রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচ, স্টাম্প ডিউটি ও অন্যান্য শুল্ক যদি থাকে এবং দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করতে হবে।

### তফসীল

জেলা- ঢাকা, থানা- কদমতলী, মৌজা- শ্যামপুর, ও সাব-রেজিস্ট্রি অফিস- সাবেক ডেমরা, বর্তমান- শ্যামপুর, অধীন, সিটি জরিপ জোত নং- ১২২/১৫, জে.এল. নং- সি.এস.- ৩৩৫, এস.এ.- ১৫১, আর.এস.- ২২, সিটি জরিপ- ২৮, খতিয়ান নং সি.এস.- ১৫৭, এস.এ.- ১৯৯, আর.এস.- ১৫৩, সিটি জরিপ- ২৭৩, সিটি জরিপ মিউটেশন- ৩৮৬৬, দাগ নং- সি.এস. ও এস.এ.- ২৫৭, আর.এস.- ৩০৩, সিটি জরিপ- ৪১৩০, মোট জমির পরিমাণ- ১.৮০ শতাংশ আবাসিক জমি (তিন তলা বিল্ডিং সহ) ও অন্যান্য স্থাপনা (যদি থাকে)।

মহাব্যবস্থাপক

ও

চেয়ারম্যান, টেন্ডার কমিটি।

ফোন/মোবাঃ ৫৭৩১৬০৩১, ৫৭৩১৯৭৫১, ০১৯৯১-১৪৪১৯০